

“শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় উন্নয়ন প্রকল্প”

আজ অবধি অনুমোদন
না হওয়ায় শিক্ষক ছাত্র
কর্মচারীরা উদ্বিগ্ন

শেখুবি সর্বোদ্যতা

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের জন্য আজ পর্যন্ত কোন উন্নয়ন প্রকল্প অনুমোদন না হওয়ায় বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীরা বিশ্ববিদ্যালয়ের ভবিষ্যৎ নিয়ে শঙ্কিত হয়ে পড়েছে। বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পর “শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় উন্নয়ন প্রকল্প” অনুমোদনের জন্য সরকারের কাছে প্রেরণ করা হয়। উক্ত প্রকল্পটি বিভিন্ন সময়ে একনেক ও শ্রি-একনেট সভায় উঠলেও তা এ পর্যন্ত অনুমোদন হয়নি। অঞ্চল বিশ্ববিদ্যালয়ের একাডেমিক উন্নয়নের জন্য প্রয়োজন অর্থ। প্রকল্প অনুমোদন না হওয়ার কারণে প্রতিষ্ঠার পর থেকে তেমন কোন উন্নয়ন কাজ হয়নি। রাস্তার ধাত থেকে কোনমতে অর্থ নিয়ে কাজ চালায়ে নেয়া হচ্ছে। গত ২৮ এপ্রিল একনেক সভায় এ প্রকল্পটি নিয়ে আলোচিত হলেও প্রকল্পটি অনুমোদন হয়নি। ক্রমবর্ধমান স্বল্পতা, গবেষণাগারে আধুনিক যন্ত্রপাতির অভাব, ছাত্র-ছাত্রী-শিক্ষকদের আবাসন সমস্যা, নতুন একাডেমিক ভবন, লাইব্রেরীর জরাজীর্ণতা দূর করা সম্ভব হচ্ছে না।

গত বৃহস্পতিবার এ বিষয়গুলি নিয়ে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় কনফারেন্স রুমে ছাত্র-শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী-শ্রমিকদের এক যৌথ সভায় বিশ্ববিদ্যালয়ের ভবিষ্যৎ নিয়ে উদ্বেগ প্রকাশ করা হয়। সভায় জানানো হয়, ১৯৩৮ সাল থেকে এ প্রতিষ্ঠান থেকে পাস করা কৃষি এঞ্জিনিয়ারাই দেশের কৃষি উন্নয়নে কাজ করে যাচ্ছে। ধান-গম-জাত-সরিষাসহ বিভিন্ন ফসলের উন্নত জাত অবিকার করে কৃষি ক্ষেত্রে বিপ্লব ঘটিয়েছে। শেরে বাংলার স্থিতি বিজড়িত সেই বিশ্ববিদ্যালয় আজ অবহেলিত। বহিষ্ঠত করা হচ্ছে অর্থ থেকে। অর্জিতাবে শিক্ষা কার্যক্রম ব্যাহত হচ্ছে। শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় আজও অপেক্ষা করছে সেই দিনটির যে দিন একনেক সভায় অনুমোদন হবে সেই প্রকল্পটি।